

মেডেটোমিডিন: আসল তথ্য জেনে নিন

মেডেটোমিডিন কী?

- মেডেটোমিডিন বা "rhino tranq" (গণ্ডারকে শান্ত করার ওষুধ) হলো পশুদের উত্তেজনা প্রশমনকারী ঔষধ যা জাইলাজিনের মতোই কাজ করে। মেডেটোমিডিন কোনো অপিয়য়েড নয়, তবে নিউ ইয়র্ক সিটির মাদকের সরবরাহে অপিয়য়েডের সাথে এটি পাওয়া গেছে।
- মেডেটোমিডিনের প্রধান প্রভাব হলো চরমভাবে নিস্তেজ করে ফেলা। এটি রক্তচাপ এবং হৃৎস্পন্দনের হারও কমিয়ে দিতে পারে, যার ফলে মাথা ঘোরা, চরম ক্লান্তি, শ্বাসকষ্ট, বমি-বমি ভাব, ঝাপসা দৃষ্টি এবং বিভ্রান্তির মতো উপসর্গ দেখা দিতে পারে।
- মেডেটোমিডিন ব্যবহার বন্ধ করার কারণেও গুরুতর উপসর্গ দেখা দিতে পারে, যার জন্য নিবিড় চিকিৎসা পরিচর্যার প্রয়োজন হতে পারে।




এটি কোথায় পাওয়া গেছে?

জুন 2024 থেকে নিউ ইয়র্ক সিটির মাদকের সরবরাহে মেডেটোমিডিন পাওয়া যাচ্ছে।

- এটি কেবল ডোপ (অপিয়য়েড) হিসাবে বিক্রি হওয়া মাদকগুলিতেই পাওয়া গেছে।

বেশি মাত্রা গ্রহণের ক্ষেত্রে মেডেটোমিডিন কীভাবে প্রভাব ফেলে?

মেডেটোমিডিন এখন পর্যন্ত কেবল সরবরাহকৃত অপিয়য়েডেই পাওয়া গেছে। অপিয়য়েড এবং মেডেটোমিডিনসমৃদ্ধ মাদকের বেশি মাত্রা গ্রহণকারী কোনো ব্যক্তি ন্যালোক্সোন দেওয়ার পরও নিস্তেজ এবং সাড়াহীন থাকতে পারেন।



ন্যালোক্সোন কি মেডেটোমিডিনের ওপর কাজ করে?

মেডেটোমিডিন কোনো অপিয়য়েড নয়, তাই ন্যালোক্সোন এটির প্রভাব প্রশমিত করতে পারে না। তবে মেডেটোমিডিন সাধারণত অপিয়য়েডের সাথে পাওয়া যায়, তাই হাতের কাছে ন্যালোক্সোন রাখা এবং কারও মধ্যে বেশি মাত্রা গ্রহণের লক্ষণ দেখা দিলে এটি ব্যবহার করা গুরুত্বপূর্ণ। মেডেটোমিডিনের কারণে ব্যক্তি নিস্তেজ থাকলেও ন্যালোক্সোন অপিয়য়েডের প্রভাবগুলি কাটিয়ে তুলবে।

মেডেটোমিডিনের বেশি মাত্রা গ্রহণের ক্ষেত্রে আপনার কীভাবে সাড়া দেওয়া উচিত?

- ব্যক্তি সাড়া দিচ্ছেন কি না তা পরীক্ষা করুন।
 - ব্যক্তির কানের কাছে উচ্চস্বরে ডাকুন। যদি তিনি সাড়া না দেন, তবে তাঁর বুকের মাঝখানের হাড়ে আপনার হাতের আঙুলের গিঁট ঘর্ষন (স্টার্নাল রাব) করুন।
 - যদি ব্যক্তি স্টার্নাল রাব করার পরও সাড়া না দেন, তবে **911**-এ কল করুন এবং ন্যালোক্সোন দিন।
- 911**-এ কল করুন এবং ন্যালোক্সোন দিন।
 - পরিত্রানের জন্য মুখে মুখ লাগিয়ে শ্বাস দিন, বিশেষ করে যদি ব্যক্তির শ্বাস-প্রশ্বাস বন্ধ হয়ে যায় বা অনিয়মিত থাকে।
 - দুই থেকে তিন মিনিট পরও যদি ব্যক্তি শ্বাস না নেন, তবে ন্যালোক্সোনের আরেকটি ডোজ দিন।
- ব্যক্তির শ্বাস-প্রশ্বাসের দিকে নজর রাখা চালিয়ে যান। শ্বাস-প্রশ্বাস স্বাভাবিক হওয়ার পরও তিনি নিস্তেজ থাকতে পারেন।
 - নিশ্চিত করুন যে ব্যক্তি প্রতি পাঁচ সেকেন্ডে অন্তত একবার শ্বাস নিচ্ছেন এবং তাঁকে ফ্যাকাশে, ধূসর বা নীলচে দেখাচ্ছে না।
 - যদি ব্যক্তির শ্বাস-প্রশ্বাস স্বাভাবিক হয় কিন্তু তিনি নিস্তেজ থাকেন, তবে ন্যালোক্সোনের আর কোনো ডোজের প্রয়োজন নেই।
- ব্যক্তিকে রিকভারি পজিশনে (ভারসাম্য বজায় রাখার জন্য ওপরের পা ভাঁজ করে একপাশে কাত করে) শুইয়ে দিন।
 - এটি নিশ্চিত করতে সাহায্য করে যে ব্যক্তির শ্বাসনালী এবং রক্ত চলাচল যেন বন্ধ হয়ে না যায়।




মেডেটোমিডিনের অন্যান্য স্বাস্থ্য সংক্রান্ত প্রভাবগুলি কী-কী?

যারা মাদক ব্যবহার করেন, তাদের ক্ষেত্রে মেডেটোমিডিন ব্যবহার বন্ধ করলে গুরুতর উপসর্গ দেখা দেয় বলে পাওয়া গেছে। ব্যবহার বন্ধ করার এই প্রক্রিয়াটি বিপজ্জনক হতে পারে এবং এর জন্য নিবিড় চিকিৎসা পরিচর্যার প্রয়োজন হতে পারে। উপসর্গগুলির মধ্যে রয়েছে:

- হৃৎস্পন্দনের দ্রুত হার (মিনিটে 100 বারের বেশি)
- বিপজ্জনকভাবে উচ্চ রক্তচাপ (180/120 বা তার বেশি)
- অনিয়ন্ত্রিত বমি-বমি ভাব এবং বমি করা
- কাঁপুনি
- অতিরিক্ত ঘোমে যাওয়া
- সচেতন থাকার স্তরে পরিবর্তন এবং বিভ্রান্তি

মেডেটোমিডিন কি ত্বকে ক্ষতের সৃষ্টি করে?

না। জাইলাজিনের ক্ষেত্রে ত্বকে ক্ষত তৈরি হলেও মেডেটোমিডিনের কারণে এমনটি হতে দেখা যায়নি।



কীভাবে কেউ বুঝতে পারবেন যে তাঁর মাদকে মেডেটোমিডিন আছে কি না?

মেডেটোমিডিন স্থানীয় অপিয়য়েডের সরবরাহে ব্যাপকভাবে ছড়িয়ে পড়েছে। আপনার মাদকের মধ্যে কী-কী উপাদান আছে তা জানার কিছু উপায় হলো:

- মেডেটোমিডিন টেস্ট স্ট্রিপ ব্যবহার করুন।
- আপনার মাদকগুলি পরীক্ষা করাতে এবং বুঝি কমানোর বিষয়ে আরও জানতে সেগুলিকে নিউ ইয়র্ক সিটির একটি মাদক পরীক্ষা করার স্থানে নিয়ে যান।
- রাস্তায় বিক্রি হওয়া মাদকগুলি ব্যবহার করে কেমন লাগছে, সে বিষয়ে আপনার পরিচিত লোকদের সাথে কথা বলুন।

মেডেটোমিডিন যুক্ত মাদক থেকে ক্ষতির বুঝি কীভাবে কমানো যেতে পারে?

- অল্প পরিমাণ দিয়ে শুরু করুন এবং আরও ব্যবহার করার আগে আপনার কেমন লাগছে তা দেখার জন্য অপেক্ষা করুন।
- বিভিন্ন ধরনের মাদক একসাথে মেশানোর ব্যাপারটি এড়িয়ে চলুন।
- একা ব্যবহার করা এড়িয়ে চলুন। যদি তা সম্ভব না হয়, তবে Never Use Alone হটলাইনে (877-696-1996) বা বেশি মাত্রা প্রতিরোধ করার SafeSpot হটলাইনে (800-972-0590) কল করুন।
- অপিয়য়েডের বেশি মাত্রা হওয়ার ক্ষেত্রে ব্যবহার করার জন্য সব সময় হাতের কাছে ন্যালোক্সোন রাখুন।
- এমন কোনো স্থানে এটি ব্যবহার করুন যেখানে দীর্ঘক্ষণ অচেতন অবস্থায় থাকার ঝুঁকি নিরাপদ হয়।

মাদক পরীক্ষা করার স্থানগুলি সহ নিউ ইয়র্ক সিটিতে উপলব্ধ পরিষেবাগুলি সম্পর্কে আরও তথ্যের জন্য nyc.gov/alcoholanddrugs -এ যান।

NYC
Health